R. N. No. 2532/57

Regd. No. WB/MSD—4

টেলিফোন : ৩৪-৬৫৫২

রিপ্রোডাক্সন সিন্ডিকেট

৭-১, বিধান সরণী, কলিকাতা-৬

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

প্রতিষ্ঠাতা—স্বর্গীয় শরৎচন্দ্র পণ্ডিত (দাদাঠাকুর)

এম বি পাম্পসেট

চাষীভাইদের স্বপ্নকে সার্থক করে তোলে।

পরিবেশক :—

এস, কে, রায়

হার্ডওয়ার ষ্টোর্স

রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ

ফোন নং—৪

৬৫শ বর্ষ

৪র্থ সংখ্যা

রঘুনাথগঞ্জ, ২৩শে জ্যৈষ্ঠ বুধবার, ১৩৮৫ সাল।

৭ই জুন, ১৯৭৮ সাল।

নগদ মূল্য : ১৫ পয়সা

বার্ষিক ৭, সডাক ৮.

## মহকুমার পঞ্চায়েত নির্ব্বাচন মোটামুটি নির্বিঘ্নে সম্পন্ন

বিশেষ প্রতিনিধি : কয়েকটি অপ্রীতিকর ঘটনা ছাড়া জঙ্গিপুর মহকুমা সাতটি ব্লকে পঞ্চায়েত নির্বাচন মোটামুটি নির্বিঘ্নে সম্পন্ন হয়। লোকসভা ও বিধানসভা নির্বাচনের চেয়েও গ্রামে গ্রামে পঞ্চায়েত নির্বাচনে বিপুল উৎসাহ পরিলক্ষিত হয়। ভোট পড়ে গড়ে ৯৫ শতাংশ। প্রায় প্রতিটি কেন্দ্রেই মহিলা ভোটারদের ভিড় উল্লেখযোগ্য। কোন কোন কেন্দ্রে সারা রাত এবং পরদিন সকাল পর্যন্ত ভোট নেওয়া হয়। সুতীর একটি কেন্দ্রে নির্বাচন স্থগিত রাখা হয়, আর একটি কেন্দ্রে একজন নির্বাচনকর্মী প্রহৃত হন (খবর পাশের কলমে)। রঘুনাথগঞ্জের চাঁদপুরে সি পি এম ও কংগ্রেস (ই) সমর্থকদের মধ্যে সংঘর্ষ বাধলে কয়েকজন আহত হন। জোতকমলের পশ্চিম গ্রামসভায় ভোট গণনাকে কেন্দ্র করে উত্তেজনার সৃষ্টি হয়। প্রকাশ, প্রথম গণনায় যিনি জয়লাভ করেন, দ্বিতীয় গণনায় তিনি পরাজিত হন। ফরাক্কার বহু জায়গায় মারামারির খবর ছিল পুলিশের কাছে। সময়মত পুলিশ হাজির হওয়ায় মারামারি বাধেনি। তবে উত্তেজনা ছিল বহু জায়গায়। গুজব ছড়াচ্ছিল খুব বেশী। পুলিশকেও ছোটাছুটি করতে হয়েছে তার সঙ্গে পাল্লা দিয়ে। সাগরদীঘির পোপাড়া পশ্চিম গ্রামসভায় একজন অন্ধ ভোটারের ইচ্ছার বিরুদ্ধে ভোটদানকে কেন্দ্র করে পক্ষপাতিত্বের অভিযোগ ওঠে। রিটারনিং অফিসার ঘটনাস্থল পরিদর্শন করে জানান, সে রকম কিছু ঘটেনি। এবারের নির্বাচনের বৈশিষ্ট্য ভোটগ্রহণের পরেই ভোটগ্রহণ কেন্দ্রে ভোটগণনা। এবং সেই কাজ করতে নির্বাচনকর্মীদের

( শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## বিজয় কেতন উড়িয়ে সি পি এম শীর্ষে অন্যেরা পর্যুদস্ত, কং (ই) প্রতিপক্ষ

বিশেষ প্রতিনিধি, ৭ জুন—সমগ্র রাজ্যের সঙ্গে তাল রেখে সি পি এম দল জঙ্গিপুর মহকুমাতেও বিজয় কেতন উড়িয়ে বিরাট জয়ের পথে এগিয়ে গিয়েছে। তাদের এই এগিয়ে চলার পথে প্রধান প্রতিপক্ষ হয়েছে কংগ্রেস (ই) দল। আর এস পি ছাড়া বাকী সবাই হয়েছে পর্যুদস্ত। সামসেরগঞ্জ ব্লক থেকে কংগ্রেস দল নিশ্চিহ্ন হয়ে গিয়েছে। পঞ্চায়েত নির্বাচনের তিনটি স্তরে মহকুমার সাতটি ব্লকে সি পি এম পেয়েছে ৫৫৩টি আসন, কংগ্রেস (ই) পেয়েছে ২২৫টি, নির্দল ১২৮টি, আর এস পি ১২৫টি, কংগ্রেস ৪৭টি, ফরওয়ারড ব্লক ৪টি এবং সি পি আই ১টি আসন। আজ রাত পৌনে দশটায় মহকুমায় নির্বাচনী ফলাফল ঘোষণা সম্পূর্ণ হয়। সুতী ১নং ব্লকের একটি কেন্দ্রে ভোটগ্রহণ

( ২য় পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## সড়ক চালুর ফলে বল্লালপুরে রেল লাইন বসে যাওয়ার অভিযোগ, ক্ষতিপূরণ দাবি

ফরাক্কা ব্যারেজ, ৬ জুন—জিগরি থেকে নিউ ফরাক্কা মোড় পর্যন্ত জাতীয় সড়কের নতুন শাখাটি রেলকে কিছু না জানিয়েই ২৪ মে থেকে খুলে দেওয়া হয়েছে। ফলে যানবাহন চলাচলের জন্য বল্লালপুরে রেল লাইন বসে যাচ্ছে বলে রেল দপ্তর থেকে জাতীয় সড়ক দপ্তরের বিরুদ্ধে অভিযোগ আনা হয়েছে এবং ক্ষতিপূরণ দাবি করা হয়েছে বলে খবর পাওয়া গিয়েছে। জানা গিয়েছে, জাতীয় সড়কের সংশ্লিষ্ট বিভাগ রাস্তার কাজ সম্পূর্ণ হওয়ার আগেই যানবাহন যেতে দিচ্ছেন। তাঁরা আনুষ্ঠানিকভাবে খোলেননি, কোন যানবাহন চলাচল করলে বাধা দিচ্ছেন না—এই পর্যন্ত। এদিকে ভারী যানবাহন চলাচলের ফলে বল্লালপুরে রেল লাইন বসে যাচ্ছে এবং রেলের কর্মচারীরা মেরামতের জন্য দৈনিক রেল লাইনের উপর নজর রাখছেন, যাতে কোন দুর্ঘটনা না ঘটে।

( শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## বাবার হাতে মেয়ে খুন

ধুলিয়ান, ৬ জুন—গত মঙ্গলবার রাত্রে সামসেরগঞ্জ থানার নতুন মালঞ্চ গ্রামে 'পাগল' বাবার হাতে নিষ্পাপ শিশু নৃশংসভাবে খুন হয়েছে বলে পুলিশ সূত্রে খবর পাওয়া গিয়েছে। প্রকাশ, ঘটনার সময় চার বছর বয়সের পপি পিসিদের কাছে বসেছিল। ওর বাবা লালচাঁদ ঘোষ ছিল বাইরে। হঠাৎ সে পিসিদের কাছ থেকে পপিকে নিয়ে বেরিয়ে যায়। এক ঘণ্টা পর

( শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## সুযোগ বুঝে ডাকাতি

অরঙ্গাবাদ, ৬ জুন—নির্বাচনের কাজে পুলিশকে বেশ কয়েকদিন থেকে ব্যস্ত থাকতে হয়েছিল। এমন কি নির্বাচনের জন্য সুতী থানার সিধরী গ্রাম থেকে পুলিশ ক্যাম্পটি পর্যন্ত তুলে নেওয়া হয়েছিল। সুযোগ বুঝে এক-দল সশস্ত্র ডাকাত বুধবার রাত্রে ওই গ্রামের স্বপনকুমার দত্তের বাড়ীতে হানা দিয়ে নগদে এবং গহনায় প্রায় সাত হাজার টাকা লুঠ করে। বাড়ীর লোকজন ডাকাতদের হাতে প্রহৃত হয় বলে জানা যায়। খবরটি পুলিশ সূত্রের।

## নির্বাচন স্থগিত

বিশেষ প্রতিনিধি : সুতী ১নং ব্লকের হারুয়া গ্রামের ২৫ নম্বর বুথে পঞ্চায়েতের তিনটি স্তরের কোনটিতেই নির্বাচনের দিন ভোট নেওয়া হয়নি। জঙ্গিপুর মহকুমা শাসক মীরা পাণ্ডে মঙ্গলবার এ খবর দিয়ে জানিয়েছেন, ওই ভোটগ্রহণ কেন্দ্রের নির্বাচন স্থগিত রাখা হয়েছে। ভোটগ্রহণের দিন সরকারীভাবে পরে ঘোষণা করা হবে। সংশ্লিষ্ট বুথের প্রিজাইডিং অফিসার অভিযোগ করেছেন, একদল

( ২য় পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## নির্বাচনকর্মী প্রহৃত

বিশেষ প্রতিনিধি : সুতী ২নং ব্লকের শ্যামপুরে ৬৪ (ক) ভোটগ্রহণ কেন্দ্রে গৌরক ঘোষাল নামে একজন নির্বাচনকর্মী প্রহৃত হয়েছেন। তিনি থারড পোলিং অফিসার। জানা গেছে, একজন অন্ধ ভোটারের ইচ্ছার বিরুদ্ধে গাইবাছুর চিহ্নে প্রিজাইডিং অফিসারের ভোটদানকে কেন্দ্র করে উত্তেজনার সৃষ্টি হয়। সি পি এম সমর্থক বলে কথিত কিছু লোক ভোট-গ্রহণ কেন্দ্রে ঢুকে প্রিজাইডিং

( ২য় পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## নির্বাচনকর্মীর মৃত্যু

রঘুনাথগঞ্জ, ৬ জুন—৪ জুন পঞ্চায়েত নির্বাচনে ভোটগ্রহণ এবং ভোটগণনার কাজ নির্বিঘ্নে সম্পন্ন করে গতকাল বাড়ী ফেরার পথে রঘুনাথগঞ্জ গাড়ী-ঘাটে ভাগীরথীতে ডুবে মারা গেলেন বড়শিমূল স্কুলের শিক্ষক নুরুল ইসলাম। নৌকা পার হওয়ার সময় অঘটনটি ঘটে। কিন্তু কিভাবে তিনি নৌকা থেকে জলে পড়ে যান তা কেউ লক্ষ্য করেননি বলে জানা যায়। মহকুমা শাসক জানান, ফরাক্কা ব্লকে নুরুলবাবু নির্বাচনকর্মীর দায়িত্ব পালনে

( শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য )

পশ্চিমবঙ্গ সরকার

## মুর্শিদাবাদ ইনষ্টিটিউট অফ্ টেকনোলজী

*পোঃ কাশিমবাজার রাজ, জেঃ মুর্শিদাবাদ*

১৯৭৮-৭৯ শিক্ষাবর্ষে ৪র্থ বার্ষিক সিভিল, মেকানিক্যাল ও ইলেট্রি-ক্যাল ইঞ্জিনিয়ারিং লাইসেনসিয়েট কোর্সে ভর্ত্তির জন্য আবেদন করার নির্দ্দিষ্ট ফরম ১২-৬-৭৮ তারিখ হইতে ৮-৭-৭৮ তারিখ পর্য্যন্ত যে কোন কাজের দিন বেলা ১১-৩০ মিঃ থেকে বেলা ৩-০০ মিঃ এর মধ্যে ( শনিবার বেলা ১-৩০ মিঃ পর্য্যন্ত) অধ্যক্ষ মহাশয়ের অফিস থেকে নিজে এসে মার্কসীট বা এ্যাডমিট কার্ড দেখালে পাওয়া যেতে পারে। ডাকযোগে এ্যাডমিট কার্ড অথবা মার্কসীটের প্রত্যায়িত নকলসহ ৫৫ পয়সার ডাকটিকিটযুক্ত ২৫ সেমি×১০ সেমি মাপের খাম পাঠালে আবেদনপত্র ও প্রস্পেক্টাস্ পাওয়া যেতে পারে।

ভর্ত্তির জন্য প্রয়োজনীয় যোগ্যতা :— পশ্চিমবঙ্গ বোর্ড অফ্ সেকেণ্ডারী এডুকেশন এর মাধ্যমিক অথবা ষ্টেট কাউন্সিল ফর ইঞ্জিনিয়ারিং এণ্ড টেকনিক্যাল এডুকেশন পশ্চিমবঙ্গ কর্ত্তৃক স্বীকৃত সমতুল পরীক্ষায় উত্তীর্ণ ও ভৌত বিজ্ঞান ( পদার্থ ও রসায়ন শাস্ত্র ) গণিত এবং ইংরাজীতে পাস নম্বর। যাহারা এই বছর উক্ত যে কোন পরীক্ষায় বসেছে তারাও আবেদন করিতে পারে। বয়ঃসীমা :— ১-১-৭৮ তারিখে অনূর্দ্ধ ২০ বছর (বিশেষ যোগ্যতা-সম্পন্ন প্রার্থীর ক্ষেত্রে বয়ঃসীমা ১ বছর শিথিলযোগ্য ), তপশীল ও উপজাতীয় প্রার্থীর ক্ষেত্রে বয়সের উর্দ্ধসীমা ৩ বছর শিথিল-যোগ্য। নগদে বা মনি অর্ডারে দু'টাকা রেজিষ্ট্রেশন ফি জমা দেওয়ার রসিদসহ পূরণ করা আবেদনপত্র অধ্যক্ষ মহাশয়ের অফিসে ১০-৭-৭৮ তারিখের বেলা ৪-৩০ মিঃ এর মধ্যে অবশ্য পৌঁছান চাই। নির্ব্বাচন :— মাধ্যমিক/ষ্টেট কাউন্সিল কর্ত্তৃক স্বীকৃত সমতুল পরীক্ষায় গণিত, ভৌত বিজ্ঞান ও ইংরাজীতে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে প্রাথমিকভাবে নির্বাচন করে নির্ব্বাচিত প্রার্থীদের মধ্য থেকে মৌখিক পরীক্ষার ভিত্তিতে ভর্ত্তির জন্য চূড়ান্তভাবে নির্ব্বাচন করা হবে। মাধ্যমিক পরীক্ষার ফল বের হওয়ার ৭ ( সাত ) দিনের মধ্যে প্রার্থীদের মার্কসীটের প্রত্যায়িত নকল আবেদনপত্রের ক্রমিক নম্বর উল্লেখপূর্ব্বক অধ্যক্ষের অফিসে জমা দিতে হবে। মৌখিক পরীক্ষার জন্য নির্ব্বাচিত প্রার্থীদের তালিকা মাধ্যমিক পরীক্ষার ফল প্রকাশ হওয়ার ১৪ ( চৌদ্দ ) দিনের মধ্যে কলেজ নোটিশ বোর্ডে টাঙ্গিয়ে দেওয়া হবে। ছাত্রাবাসে আসন পাওয়া যাবে।

*অফিসার-ইন-চার্জ*

## বাস ধর্ম্মঘট

নিজস্ব সংবাদদাতা : একজন স্কুল শিক্ষিকার শ্লীলতাহানির অভিযোগে ২৭ মে জঙ্গিপুরের হারু সিং নামে জনৈক ব্যক্তি জঙ্গিপুর—বহরমপুর রুটের ডবলু জি কিউ ৮০৩ নম্বর বাসের কনডাকটরকে প্রহার করলে বাস কর্মচারীরা হারু সিং-এর গ্রেপ্তারের দাবিতে ওই দিন থেকে ধর্মঘট শুরু করেন। এবং সেই ধর্মঘট জেলার বিভিন্ন রুটে ছড়িয়ে পড়ে বলে পুলিশ সূত্রে জানা যায়।

### পরিচালকমণ্ডলীর নির্বাচন

নিজস্ব সংবাদদাতা : সাগরদীঘি উচ্চ বিদ্যালয় পরিচালক মণ্ডলীর নির্বাচনে নিত্যানন্দঘোষ চৌধুরী, সেখ মহিবুল্লা, নৃসিংহ মণ্ডল, ডাঃ বিমলেশ দেবনাথ, মদনমোহন ভকত, নন্দগোপাল সিংহ, রামগহন ভকত ও বৈজনাথ ভকত জয়লাভ করেছেন। গত ২৯ মে এই নির্বাচন অনুষ্ঠিত হয়।

### ৯ জনের জাতীয় বৃত্তি লাভ

নিজস্ব সংবাদদাতা, ৭ জুন— গ্রামাঞ্চলের ছাত্রছাত্রীদের জন্য নির্দিষ্ট ১৯৭৭ সালের জাতীয় মাধ্যমিক বৃত্তি পরীক্ষায় উত্তীর্ণ হয়ে মুর্শিদাবাদ জেলার ৩৫ জন ছাত্রছাত্রী বৃত্তি লাভ করেছে। এর মধ্যে জঙ্গিপুর মহকুমার ৯ জন ছাত্রছাত্রী আছে। এরা তিন বছর ধরে বাৎসরিক ২৫০ টাকা করে বৃত্তি পাবে। জঙ্গিপুর মহকুমায় যারা বৃত্তি পেয়েছে তাদের নাম এবং স্কুলের নাম দেওয়া হল : ১, সুপ্রিয় রায়, মালডোবা পি কে হাই স্কুল ২) মধুসূদন দাস, আমুয়া-কদমতলা হাই স্কুল ৩) মিতালী রায়, নয়নসুখ এল এন এস এম হাই স্কুল ৪) সৈকত ঘোষ, সাগরদীঘি এস এন হাই স্কুল ৫) তুহিনকুমার রুদ্র, ছাবঘাটি কে ডি বিদ্যালয় ৬) নীলা মজুমদার, বংশবাটী হাই স্কুল ৭) গৌরী দাস, বংশবাটী হাই স্কুল ৮) নসরিম বেগম, বহুতালী হাই স্কুল এবং ৯) মহঃ রমজান আলি, ভাসাই-পাইকর হাই স্কুল।

বিকো
ইলেকট্রিক মোটর ও
মোটর পাম্পসেট
ডিলার : ঊষা হার্ডওয়ার ষ্টোর
বাবুলবোনা রোড, বহরমপুর
মুর্শিদাবাদ

### বিজ্ঞপ্তি

আমি শ্রীপতিতপাবন মুখোপাধ্যায় শ্রীগোবিন্দনারায়ণ ঘোষাল পুত্র ৺বিশ্বে-শ্বর ঘোষাল মণ্ডলপুর কে যে মোক্তার-নামা দিয়াছিলাম, উত্তর প্রদেশের প্রতাপগড় সাব-রেজিষ্টার কোরটে তাহা বাতিল করিলাম।

শ্রীপতিতপাবন মুখোপাধ্যায়
৬৪৫।১৩৭ নঙ্গী বস্তি
রামাপুরা, বারাণসী

### বিজ্ঞপ্তি

আমি আমার পত্নী শ্রীমতী ছবি দেবীকে আমমোক্তারনামা বলে আমার স্থাবর অস্থাবর বিষয়-সম্পত্তি দেখা-শোনার ভার সর্বতোভাবে দিয়াছি। অতএব পূর্বে যে মোক্তারনামা শ্রীগোবিন্দনারায়ণ ঘোষাল পুত্র ৺বিশ্বেশ্বর ঘোষাল মণ্ডলপুর গ্রাম নিবাসীকে দেওয়া হইয়াছিল, তাহা সম্পূর্ণরূপে বাতিল হইল।

শ্রীপতিতপাবন মুখোপাধ্যায়
৬৪৫।১৩৭ নঙ্গী বস্তি
রামাপুরা, বারাণসী

### বাড়ী বিক্রয়

জঙ্গিপুর হরিসভার নিকট সদর রাস্তার পার্শ্বে ডাঃ প্রভাতকুমার বন্দ্যো-পাধ্যায় মহাশয়ের বসত বাটীটি বিক্রয় হইবে। যোগাযোগের ঠিকানা 'রকমারী' ফাঁসিতলা, পোঃ রঘুনাথগঞ্জ ( মুর্শিদাবাদ ) ও শিবানী মুখার্জী, ফাঁসিতলা।

১নং পাটনা বিড়ি, ১নং আজাদ বিড়ি
সিনিয়র রুস্তম বিড়ি
বঙ্গ আজাদ বিড়ি ফ্যাক্টরী
পোঃ ধুলিয়ান ( মুর্শিদাবাদ )
সেলস্ অফিস : গৌহাটি ও তেজপুর
ফোন : ধুলিয়ান—২১

Phone :- Farakka 24
ডাঃ এস, এ, তালেব
ডি এম এস
পোঃ ফরাক্কা ব্যারেজ, মুর্শিদাবাদ।
হোমিওপ্যাথি মতে যাবতীয় পুরাতন রোগের চিকিৎসা করা হয়।

ক্যালকাটা সাইকেল ষ্টোর
( জগন্নাথের সাইকেলের দোকান )
ফুলতলা রঘুনাথগঞ্জ ( মুর্শিদাবাদ )
বাজার অপেক্ষা সুলভে সমস্ত প্রকার সাইকেল, রিক্সা স্পেয়ার পার্টস বিক্রয় ও মেরামতির নির্ভরযোগ্য প্রতিষ্ঠান।

সবার প্রিয় চা—
চা ভাণ্ডার
রঘুনাথগঞ্জ সদরঘাট
ফোন—১৬

## পঞ্চায়েত নির্বাচন মোটামুটি নির্বিঘ্নে সম্পন্ন

( ১ম পৃষ্ঠার পর )

হিমসিম খেতে হয়েছে। তাঁরা কাজ শেষ করে ফিরে এসেছেন রাত জাগার অবসাদ নিয়ে; ক্লান্ত, অবসন্ন দেহে। সি আর পি, বি এস এফ, এস এফ ই, হোমগারড, এন ভি এফ এবং পশ্চিমবঙ্গ পুলিশ কর্তব্য পালন করেছেন নিষ্ঠার সঙ্গে। কোথাও তাঁরা উত্তেজনা বাড়তে দেননি। খবর পাওয়া মাত্র ঘটনাস্থলে উপস্থিত হয়ে উত্তেজনা প্রশমিত করেছেন। ওই দিনের উত্তেজনার জের দু'একদিন পরেও কিছু জায়গায় কয়েকটি মারধোরের ঘটনায় লক্ষ্য করা গেছে।

নির্বাচনে মজার ঘটনাও কয়েকটি ঘটেছে। গাড়ী কম পড়ে যাওয়ায় সেকেণ্ড অফিসারকে দৌড়াদৌড়ি করে রাস্তা থেকে গাড়ী ধরে আনতে হয়েছে ১৪টি। ছাগলের গাড়ী, লিচুর গাড়ী প্রভৃতিরও পিছু ধাওয়া করা হয়েছে।

জঙ্গিপুরের রিলিফ ও সি দীপক ভৌমিকের সঙ্গে ৫টি ট্রাক লুকোচুরি খেলেছে। তিনি মালদহ গিয়েছিলেন গাড়ীগুলিকে নিয়ে আসার জন্য। তাঁকে দেখেই গাড়ীগুলি ছুটাছুটি শুরু করে। রাস্তায় আসার সময় চালক গাড়ী থামিয়ে ঘুমোতে আরম্ভ করে। তাকে জাগিয়ে পেছনে গিয়ে দেখেন আর একটি গাড়ী দাঁড়িয়ে গিয়েছে। তাকেও চালু করে তিনি পেছন পেছন আসেন।

সরকারীভাবে অসমর্থিত একটি খবরে জানা যায়, জঙ্গিপুর মহকুমার কোন একটি ব্লকের রিটার্নিং অফিসার নির্বাচনের ফলাফল ঘোষণার পর বিজয়ী এবং বিজিত সমস্ত প্রার্থীকেই সারটিফিকেট দেন।

## রাজ্য সরকারের আগ্রহ

নিজস্ব সংবাদদাতা, ৭ জুন—রাজ্য সরকার পশ্চিমবঙ্গের ১৬টি ব্লকের পঞ্চায়েত নির্বাচন নিয়ে আগ্রহ প্রকাশ করেছেন। তার মধ্যে জঙ্গিপুর মহকুমার সামসেরগঞ্জ একটি। মুখ্যমন্ত্রী এবং সচীবের কাছে এই ব্লকের পঞ্চায়েত নির্বাচনের খুঁটিনাটি তথ্য জানাতে বলা হয়েছে। খবরটি সরকারী সূত্রের।

## নির্বাচনকর্মীর মৃত্যু

( ১ম পৃষ্ঠার পর )

গিয়েছিলেন। তাঁর একটি মেয়ে বর্তমান। পরে তাঁর মৃতদেহ উদ্ধার করা হয়েছে।

**ভোটদাতার মৃত্যুঃ** ভোট দিয়ে লরিতে চড়ে কাজে যাওয়ার সময় রঘুনাথগঞ্জ থানার কানুপুর গ্রামের ওকিলুদ্দিন সেখ নামে একজন ভোটদাতা গতকাল জাতীয় সড়কের আহিরণের কাছে এক দুর্ঘটনায় প্রাণ হারান। প্রকাশ, ওই লরিতে আরো কয়েকজন যাত্রী ছিলেন এবং কিছু চালের বস্তা ছিল। লরিটি উল্টে গেলে চালের বস্তা চাপা পড়ে ওকিলুদ্দিন মারা যান। অন্যরা আহত হন। তাঁদের ১১ জনকে জঙ্গিপুর মহকুমা হাসপাতালে ভর্তি করা হয়েছে। বি এস এফ এর একজন কমানডানট জানিয়েছেন দুর্ঘটনাগ্রস্ত লরিটি সেনাবাহিনীর।

**প্রার্থীর বাবার মৃত্যুঃ** নির্বাচনে ছেলের পরাজয়ের খবর শুনে রঘুনাথগঞ্জের একজন গ্রামবাসী হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হ'য়ে মারা যান বলে খবর।

## বাবার হাতে মেয়ে খুন

( ১ম পৃষ্ঠার পর )

ফিরে আসে খালি হাতে। পরদিন সকালে আখের ক্ষেত থেকে মাটি চাপা অবস্থায় পপির মৃতদেহ উদ্ধার করা হয়। পপিকে আছড়ে আছড়ে খুন করা হয়েছে বলে পুলিশের অনুমান। আরো জানা গেছে যে, তিন চার বছর থেকে মানসিক ভারসাম্য হারিয়ে লালচাঁদ পাগলের মত ঘুরে বেড়াত।

## অন্তর্বর্তীকালীন নিষেধাজ্ঞা

রঘুনাথগঞ্জ, ৩ জুন— চিত্ত মুখোপাধ্যায়ের আবেদনক্রমে ৩০ মে জঙ্গিপুর প্রথম মুনসেফ আদালত শুনানী শেষ না হওয়া পর্যন্ত রঘুনাথগঞ্জ উচ্চ বালিকা বিদ্যালয়ের নির্বাচিত পরিচালকমণ্ডলীর ওপর দায়িত্বভার অর্পণ থেকে বিরত থাকার জন্য অন্তর্বর্তীকালীন নিষেধাজ্ঞা জারি করেছেন।


## রেললাইন ··ক্ষতিপূরণ দাবি


( ১ম পৃষ্ঠার পর )

আর একটি খবরে জানা গেছে, বল্লালপুরে রেলসেতু তৈরীর জন্য ৯০ লক্ষ টাকার একটি প্রকল্প মঞ্জুর হয়েছে এবং টেণ্ডার ডাকা হয়েছে। এই ৯০ লক্ষ টাকার মধ্যে ১৭ লক্ষ টাকার মাটি কাটার কাজ করবেন জাতীয় সড়ক বিভাগ। সেতু তৈরী করবেন রেল দপ্তর। পুরো টাকাটা খরচ করবেন কেন্দ্রীয় সরকার। বর্ষার পর কাজ শুরু হবে বলে জানানো হয়েছে।

## শিক্ষক আবশ্যক

হাউসনগর জুনিয়র হাই মাদ্রাসা, পোঃ তিনপাকুড়িয়া (মুর্শিদাবাদ) এর জন্য ডেপুটেশন ভ্যাকানসীতে একজন আর্টস্ গ্র্যাজুয়েট (ট্রেণ্ড অগ্রগণ্য) শিক্ষক আবশ্যক। ১৯ ৬-৭৮ তারিখের মধ্যে সম্পাদকের নিকট দরখাস্ত করুন।



রঘুনাথগঞ্জ ( পিন—৭৪২২২৫ ) পণ্ডিত-প্রেস হইতে অনুত্তম পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।